



# খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৮২ নং তেজকুনীপাড়া (২য় তলা) তেজগাঁও, ঢাকা-১২১৫

ফোন : ৯১১৪২৯৬, ফ্যাক্স : ৯১০৪৭১৫, ই-মেইল : crwt09@yahoo.com,  
web: www.crwt.gov.bd

স্মারক নং: ১৬.০৭.০০০০.০০০.০০.১৮.১৭-৫০০

তারিখ: ২৫ আক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট সম্পর্কিত ২০১৫-২০১৬ অর্থ বৎসরের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

দৃষ্টি আকর্ষণঃ জনাব এ. কে. এম. শহীদুল্লাহ, উপসচিব, প্রশাসন ও সংস্থা শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয়ে আপনার সাথে টেলিফোনিক আলোচনার পরিপ্রেক্ষিতে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট সম্পর্কিত ২০১৫-২০১৬ অর্থ বৎসরের প্রতিবেদন আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

১। খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট প্রতিষ্ঠাঃ ১৯৮৩ খ্রিস্টাব্দে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট বিষয়ক অধ্যাদেশ জারির ২৬ বৎসর পর বর্তমান সরকারের বিগত মেয়াদে ৫ নভেম্বর ২০০৯ খ্রিস্টাব্দে বহু প্রত্যাশিত খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট গঠন করা হয়। ইহা ধর্ম মন্ত্রণালয়ের অধীন একটি সংস্থা, যা পরিচালনার জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি ট্রাস্টি বোর্ড রয়েছে। ৭ সদস্য বিশিষ্ট ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান, ভাইস-চেয়ারম্যান সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এডভোকেট প্রমোদ মানকিন, এমপি, ট্রাস্টি-জনাব হিউবার্ট গমেজ, মিসেস রীনা দাস, জনাব জেমস সুরত হাজরা, জনাব উইলিয়াম প্রলয় সমন্দার এবং ট্রাস্টি ও সচিব জনাব নির্মল রোজারিও। এখানে উল্লেখ্য যে, ভাইস-চেয়ারম্যান সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এডভোকেট প্রমোদ মানকিন এমপি ১১ মে ২০১৬ পরলোকগমন করেছেন। ট্রাস্টি বোর্ড পুনঃগঠনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

২। তহবিল সংক্রান্তঃ সরকার ২০১১ খ্রিস্টাব্দের জুলাই মাসে ট্রাস্টের কার্যক্রম পরিচালনার জন্য ৫ কোটি টাকার এন্ডাওমেন্ট তহবিল ছাড়পূর্বক ট্রাস্টের নামে ১টি স্থায়ী আমানত করেছে। স্থায়ী আমানতের সুদ ও মন্ত্রণালয় থেকে বার্ষিক বরাদ্দের টাকায় ট্রাস্টের পরিচালনা ব্যয় নির্বাহসহ বিভিন্ন চার্চের অনুকূলে অনুদান প্রদান করা হয়। ২০১৫-২০১৬ অর্থ বৎসরে ১০ লক্ষ টাকা মন্ত্রণালয়ের বাজেট থেকে বরাদ্দ প্রদান করা হয়।

৩। অফিস স্থাপন ও কর্মী নিয়োগ সংক্রান্তঃ সরকার ২০১১ খ্রিস্টাব্দ থেকে ট্রাস্টের জন্য ৮২নং তেজকুনীপাড়া, তেজগাঁও, ঢাকায় কার্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। অস্থায়ী ভিত্তিতে ৫ জন স্টাফ নিয়োগ দেওয়া হয়েছে। ট্রাস্টি বোর্ডের সভায় ১১জন কর্মকর্তা/কর্মচারী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়াও ট্রাস্টের কার্যক্রমকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রতিধানমালা, নিয়োগবিধি, অর্গানোগ্রাম, সরঞ্জামদির তালিকা প্রণয়ন করা হয়েছে, যা বর্তমানে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

৪। অনুদান প্রদানঃ ২০১৫-২০১৬ অর্থ বৎসরে ৫৬টি চার্চকে ১৪ লক্ষ ৮০ হাজার টাকা মেরামত, সংস্কার, নির্মাণ, মাটিভরাট, কবরস্থানের বাউভারী নির্মাণের জন্য অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

৫। জাতীয় দিবস উদযাপনঃ খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ও বাংলাদেশ খ্রীষ্টান এসোসিয়েশনের যৌথ উদ্যোগে প্রতি বৎসর ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে তেজগাঁও হলি রোজারি চার্চে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। এ ছাড়াও বিজয় দিবস, স্বাধীনতা দিবস এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদের স্মরণেও জাতির সুখ সমৃদ্ধি কামনা করে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে।

*নির্মল রোজারিও  
সচিব  
মোবাইল: ০১৭১৫০৩০৯৮৯  
ফোন: ৯১১৪২৯৬, ফ্যাক্স : ৯১০৪৭১৫*

E-mail: crwt09@yahoo.com

সচিব মহোদয়

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা।